

ঢাকা, ১৭ জুলাই ২০১৯

ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে শিক্ষা ব্যবস্থাকে শতভাগ ডিজিটাইজেশন করা হবে জাতীয় পর্যায়ে সৃজনশীল মেধাবীদের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে -শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এম. পি

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এম. পি বলেছেন ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে আমরা শিক্ষাদান পদ্ধতি শতভাগ ডিজিটাল করার লক্ষ্যে কাজ করে যাচ্ছি। আমরা বিশ্বাস করি মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে ২০৩০ সালের মধ্যেই আমরা এস.ডি.জি-৪ এর লক্ষ্যমাত্রা অর্জন করতে সমর্থ হব। সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা শিক্ষা মন্ত্রণালয়ের একটি অনন্য উদ্যোগ। আমরা বিশ্বাস করি শিক্ষার্থীদের সৃজনশীলতা বিকাশের মাধ্যমে একটি সৃজনশীল জাতি গড়ে উঠবে। আর এই প্রতিযোগিতা দেশের আনাচে কানাচে ছড়িয়ে ছিটিয়ে থাকা মেধাবীদের মেধা বিকাশের অনন্য প্লাটফর্ম। চিন্তা চেতনার সবদিক থেকে নতুন মানুষ তৈরি করতে হবে। আমরা চাই নতুন প্রজন্মের জন্য বিশ্বমানের প্রযুক্তি শিক্ষা। তাদেরকে সততা নিষ্ঠা ও জনগণের প্রতি শ্রদ্ধাশীল করে গড়ে তোলাই আমাদের মূল লক্ষ্য। এর জন্য নানামুখী কাজ করতে হবে। শিক্ষার্থীদের ক্রীড়া সংস্কৃতি, বই পড়ার অভ্যাস এসব কাজে অংশগ্রহণ করাতে হবে। নানারকম সৃজনশীল ও উদ্ভাবনী কাজে অংশগ্রহণ ও অংশগ্রহণের সুযোগ করে দিতে হবে।

তিনি আজ বিকালে রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে শিক্ষামন্ত্রণালয় কতৃক আয়োজিত সৃজনশীল মেধা অন্বেষণ ২০১৯ এর জাতীয় পর্যায়ে অংশগ্রহণকারীদের পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো. সোহরাব হোসাইন এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ড. অরুণা বিশ্বাস, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. সৈয়দ গোলাম ফারুক প্রমুখ।

২০১৩ সালের ধারাবাহিকতা থেকে প্রতিবছর মার্চ মাসের প্রথম সপ্তাহে সারাদেশে শুরু হয়। সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা ৩টি গ্রুপ ও ৪টি বিষয়ে উপজেলা পর্যায়ের নির্বাচিত সেরা ১২জন জেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। প্রতিটি জেলা হতে ৩টি গ্রুপ ও ৪টি

বিষয়ে নির্বাচিত সেরা মোট ১২জন করে বিভাগীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। প্রতিটি বিভাগ হতে ৩টি গ্রুপ ও ৪টি বিষয়ে ১২ জন করে (৮টি বিভাগ ও ঢাকা মহানগর) ১২X ৯=১০৮ জন প্রতিযোগী জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। দেশবরণ্য বিচারকমন্ডলির সদস্যদের রায়ের ভিত্তিতে ৪টি বিষয়ে ১ জন করে ৩ গ্রুপ থেকে মোট ১২ জন বিজয়ীকে জাতীয় পর্যায়ে “বছরের সেরা মেধাবী” নির্বাচন করা হয়।

উল্লেখ্য সৃজনশীল মেধা অন্বেষণ ২০১৯ এর জাতীয় পর্যায়ে বছরের সেরা ১২ মেধাবী নির্বাচিত হয়েছেন। সেরা ১২ জন প্রত্যেকে পাবেন এক (১) লাখ টাকা। কোরিয়া ভ্রমণ, গোল্ড মেডেল, সার্টিফিকেট, ট্রেন্সট, বই এবং ব্যাগ। বাকী ৯৬ জন প্রত্যেকে পাবেন বিশ (২০) হাজার টাকা, মেডেল, সার্টিফিকেট, বই এবং ব্যাগ।

মোহাম্মদ আবুল খায়ের  
তথ্য ও জনসংযোগ কর্মকর্তা  
শিক্ষা মন্ত্রণালয়  
মোবাইল ০১৭১৬০৬৬৮৮৮